



ফোন :  
অফিস : ৯৫৫৫১৩৩  
ফ্যাক্স : ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়  
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,  
ঢাকা-১০০০।

Phone :  
Office : 9555133  
Fax : 0088-02-9564763


স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-৯৮

তারিখ : ২৩-০৩-২০২০ খ্রিঃ।

**“সার্কুলার”**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সম্মুখে গত ২২/০৩/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত যৌথ সভার সিদ্ধান্ত মোতাবেক নভেল করোনা ভাইরাস (COVID-19) এর সংক্রামণ থেকে ওয়াপদা ভবনস্থ উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণকে সুরক্ষা এবং কর্মকর্তা/কর্মচারীগণ যেন একটি প্রতিরোধমূলক পরিবেশে কাজ করতে পারেন সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নিম্নরূপ অনুশাসন মেনে চলার নিমিত্ত অনুরোধ করা হলো :

- (১) ওয়াপদা ভবনে প্রবেশের সময়ে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং পানি উন্নয়ন বোর্ডের সকল কর্মকর্তা-কর্মচারী পরিচয়পত্র দেখাবেন।
  - (২) প্রত্যেক কর্মকর্তা-কর্মচারী ওয়াপদা ভবনের প্রধান ফটকে হেল্প ডেস্কে দায়িত্ব পালনরত নিরাপত্তা প্রহরীদের নিকট রক্ষিত তাপমাত্রা পরিমাপক যন্ত্র দিয়ে শরীরের তাপমাত্রা মেপে এবং হাত ধোঁত/পরিষ্কার করে ওয়াপদা ভবনে প্রবেশ করবেন।
  - (৩) কারও তাপমাত্রা ১০০ ডিগ্রী ফারেনহাইট বা তদুর্ধ্ব হলে এবং সর্দি, কাশি, গলাব্যথা থাকলে তিনি অফিসে প্রবেশ করা থেকে বিরত থাকবেন এবং নিজ বাস ভবনে ফেরৎ যাবেন। প্রয়োজনে ১৪ (চৌদ্দ) দিন হোম কোয়ারেন্টাইনে অবস্থান করবেন। তবে এ বিষয়ে বোর্ডের চিকিৎসক কর্তৃক প্রত্যয়ন গ্রহণ করতে হবে এবং চিকিৎসকের মতামত/ব্যবস্থাপত্রই চূড়ান্ত বলে গণ্য হবে। হেল্প ডেস্কে রক্ষিত রেজিস্টারে বুকিপূর্ণ রোগীদের নাম, ঠিকানা, মোবাইল ফোন নম্বর ইত্যাদি সংরক্ষণ করতে হবে।
  - (৪) বহিরাগত অতিথি/পরিদর্শক/সাক্ষাৎকারীদের প্রবেশ সীমিত করা হলো। অতীত প্রয়োজনে ভবনে প্রবেশ করতে হলে সাক্ষাৎ প্রদানকারীর সম্মতি সাপেক্ষে রেজিস্টারে নাম, ঠিকানা, মোবাইল নম্বর লিপিবদ্ধ করতঃ হাত পরিষ্কার করে তাপমাত্রা মেপে ভবনে প্রবেশ করতে হবে। তাপমাত্রা ১০০ ডিগ্রী ফারেনহাইট বা তদুর্ধ্ব হলে এবং সর্দি, কাশি, গলা ব্যথা থাকলে কোন অবস্থায় ভবনে প্রবেশ করা যাবে না।
- ২। উল্লিখিত অনুশাসনসমূহ প্রতিপালনে বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারীকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। এতে বোর্ডের মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

  
(মোঃ মুজিবুর রহমান)  
সচিব

Am Bangladesh Panni Uन्नয়ন বোর্ড, ঢাকা।  
মোবাইল : ০১৭১৪৪০০৫৩৭

**বিতরণ কার্যার্থে :**

- ১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান, -----, বাপাউবো, -----।
- ২। নিয়ন্ত্রক (অর্থ, হিসাব ও নিরীক্ষা), বাপাউবো, ঢাকা।
- ৩। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক(সকল)-----, বাপাউবো, -----।
- ৪। নির্বাহী প্রকৌশলী, -----, বাপাউবো, -----।
- ৫। উপ-পরিচালক/হিসাব রক্ষণ অফিসার, -----আঞ্চলিক হিসাব কেন্দ্র(রয়াক), বাপাউবো, -----।

**অনুলিপি কার্যার্থে :**

- ১। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। তাঁকে ২(দুই)টি থার্মাল স্ক্যানার ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ২। পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। তাঁকে বর্ণিত কার্যক্রম বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

**অনুলিপি জ্ঞাতার্থে :**

- ১। সচিব, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ২। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক(অর্থ/প্রশাসন/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা)/সচিব, বাপাউবো, ঢাকা।